

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।



[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০৪.১৮/১৪২০

তারিখ :- ২৫/০৯/২০২৪ খ্রিঃ

বিষয় :- ২০২৪-২০২৫ অর্থবছরের প্রাপ্যতা হতে বিয়োজনের শর্তে প্রত্যয়নপত্র প্রদান।

সূত্র :- ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ এর- ০৯.০৯.২০২৪ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত আবেদনে বর্ণিত তথ্য অনুযায়ী, মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ ডিউটি ফ্রি শপ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা (ওয়্যার হাউজের ঠিকানাঃ বাড়ি নং-১২, রোড নং-০৬, সেক্টর- ০১, উত্তরা ঢাকা-১২০৮) এবং বন্ড লাইসেন্স নং ১৪৭০/কাস এস বি ডব্লিউ/২০১৩ তারিখ: ১৬/০১/২০১৩) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বন্দরে অপেক্ষমান নিম্নোক্ত ১ (এক) টি পণ্যচালান বন্ড সুবিধায় খালাসের লক্ষ্যে পরবর্তী অর্থ-বছরসমূহ হতে বিয়োজনের শর্তে অনাপত্তি পত্রের আবেদন করা হয়েছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ ডিউটি ফ্রি শপ কে প্রদত্ত বন্ড লাইসেন্সের শর্তাবলী পরিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে খালাসের জন্য প্রত্যয়নপত্র প্রদান করা হলোঃ

| ক্র. নং | পণ্যের বিবরণ | পণ্যের পরিমাণ | বি/ই নং ও তারিখ          | বিল অফ লেডিং নং ও তারিখ | ঘোষিত মূল্য (মাঃ ডঃ) (Draft B/E অনুযায়ী) | আনুমানিক শুদ্ধায়ন মূল্য (মাঃ ডঃ) | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রদত্ত প্রাপ্যতা (মাঃ ডঃ) | অবশিষ্ট প্রাপ্যতা (মাঃ ডঃ) | প্রত্যয়নপত্রের মাধ্যমে প্রদত্ত প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---------|--------------|---------------|--------------------------|-------------------------|---|-----------------------------------|---|----------------------------|--|
| 1       | Liquor       | 1425 Ctn      | C-1615225 Dt- 29/08/2024 | 241003027 Dt.10.07.2024 | 30,227 USD                                | 109,200 USD                       | 96,000 USD<br>তন্মধ্যে লিকার (71,000 USD)       | 35,118.86 USD              | 74,089.09 USD                                      |

**শর্তসমূহ:**

- আরোপণীয় শুল্ক-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond ও Risk Bond যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে।
- আমদানিকৃত পণ্য যথাযথভাবে ভাবে বন্ড রেজিস্টার এ ইন্টু বন্ড নিশ্চিত করতে হবে।
- আলোচ্য পণ্যচালান এর আইনানুগভাবে নিরূপিত শুদ্ধায়ন মূল্য পরবর্তী ২০২৪-২০২৫ অর্থবছরসহ তদপরবর্তী অর্থবছরসমূহ এর অনুমোদিত আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে।
- বর্তমান পণ্যচালানের আইনানুগভাবে নিরূপিত শুদ্ধায়ন মূল্য পরবর্তী অর্থবছরসমূহের অনুমোদিত আমদানি প্রাপ্যতা হতে সম্পূর্ণ বিয়োজিত না হওয়া পর্যন্ত নতুন পণ্যচালান (লিকার এর) ওয়্যারহাউস সুবিধায় খালাসযোগ্য হবে না। সেক্ষেত্রে আমদানিকারক কে শুল্ক-কর পরিশোধপূর্বক পণ্যচালান খালাস গ্রহণ করতে হবে এবং তা ডিউটি ফ্রি শপেই পৃথক Register এ Maintain করে যথানিয়মে বিক্রয় করতে হবে।

**স্বাক্ষরঃ**

**এইচ, এম আহসানুল কবীর**

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :

কমিশনার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০৪.১৮ . ৪১৫ (২)

তারিখ :- ২৫/০৯/২০২৪ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ প্রোগ্রামার, জাকির হোসেন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।]

৩। প্রোগ্রামার, মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিঃ ডিউটি ফ্রি শপ, বাড়ি নং-১২, রোড নং-০৬, সেক্টর- ০১, উত্তরা,

৪-৫। অফিস কপি/গার্ড কপি।

**এইচ, এম আহসানুল কবীর**

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)